দৈনিক সংবাদ

তারিখ ... 07 DEC 1992
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 6 ...

21

## বৃত্তির টাকা প্রসঙ্গে

শিক্ষার প্রতি বর্তমান সরকারের যথেষ্ট সুনজর রয়েছে। শিক্ষার প্রসারতার জন্য ইতিমধ্যে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষাব্যবস্থা চালু করেছেন। শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য সন্ত্রাস দমন অধ্যাদেশ জারি করেছেন। অতীব দুঃখের বিষয়, ১৯৯১ সালে এসএসসি উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মধ্যে যারা বৃত্তি পাবার যোগ্য তাদেরকে এখনো বৃত্তি প্রদানের কোন ব্যবস্থা গৃহীত হয়নি। অন্যান্য বছর জুন মাসের মেধ্যে বৃত্তির টাকা প্রদান করা হয়; কিন্তু বর্তমানে আরো ৪/৫ মাস অতিবাহিত হয়ে গেল। ৫ম এবং ৮ম শ্রেণীতে বৃত্তি পাওয়া ছাত্রছাত্রীদেরও একই অবস্থা। দেখা গেছে, এসএসসি'তে মেধা তালিকায় যাদের নাম ছিল তারা অধিকাংশই দরিদ্র পরিবারের সন্তান। অনেকে হয়ত বৃত্তির টাকার আশায় উচ্চতর প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে; কিন্তু অর্থাভাবে তাদের সমস্ত আশা এখন গুড়েবালি।

অতএব সরকারের কাছে আমাদের বিনীত নিবেদন, অবিলম্বে যোগ্য ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদানের ব্যবস্থা করে সকলের কৃতজ্ঞতাপাশে আবদ্ধ থাকতে মর্জি হয়।

মোঃ সাইদুল ইসলাম
দ্বাদশ মানবিক (৩১৪),
ক্যান্টনমেন্ট কলেজ,
যশোর।